

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮ শহীদ ভান্ডার উদ্দিন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dlrs.gov.bd

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০৩.১৮.০১৮.১৭

তারিখঃ ১০৯/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনাল গঠন প্রসংগে।

সূত্রঃ এ অধিদপ্তরের ১৮/১২/২০১৮ তারিখের ৩১.০৩.২৬৯২.০০৩.১৮.০১৮.১৭-১১৫১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা, দিনাজপুর, চট্টগ্রাম ও পটুয়াখালীতে রিভিশন জরিপের কাজ চলমান থাকায় উক্ত জোনসমূহের অধীন জরিপ কাজ চূড়ান্ত হওয়ার পর ভূমি মালিকগণ কর্তৃক রেকর্ড সংশোধনের জন্য মোকদ্দমার উদ্ভব হতে পারে এবং তা নিষ্পত্তির লক্ষ্যে The State Acquisition and Tenancy Act, 1950 এর ধারা ১৪৫ এর (এ) অনুযায়ী ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনাল গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়েছিল।

২। রেকর্ডের গেজেট প্রকাশ ও হস্তান্তর হওয়ার পর ইতোমধ্যে বেশ কিছু ব্যক্তি ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনাল গঠন করার জন্য দায়িত্বপ্রাপ্ত বরাবর আবেদন করেছেন এবং জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা ও সেটেলমেন্ট অফিস, দিয়ারা অপারেশন, ঢাকা হতেও ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনাল গঠন করার প্রস্তাব পাওয়া গেছে। উপর্যুক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে আইনগত বাধ্যবাধকতা থাকলে আইনগত স্মারক সার্ভে ট্রাইব্যুনাল গঠন করা আবশ্যিক।

৩। উল্লেখ্য যে, ভূমি মন্ত্রণালয় কর্তৃক ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনাল ও ল্যাণ্ড সার্ভে আপীলেট ট্রাইব্যুনাল গঠন সম্পর্কিত একই ধরনের ওয়ার্ডার সংশ্লিষ্ট ধারাসমূহ বাতিল/সংশোধনের উদ্দেশ্যে প্রদান করা হয়েছে। কিন্তু অদ্যাবধি আইন সংশোধন না হওয়ায় ভূমি মন্ত্রণালয় আইনগত প্রতিকারের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

৪। এমতাবস্থায় এসএ এন্ড টি এ্যান্ড সংশোধন না হওয়া পর্যন্ত ভূমি মালিকদেরকে আইনগত প্রতিকার প্রদানের জন্য জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা, এর অধীন জেলাসমূহ (ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ এবং মানিকগঞ্জ জেলা) জোনাল সেটেলমেন্ট অফিস, দিনাজপুর, এর অধীন জেলাসমূহ (দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা) জোনাল সেটেলমেন্ট অফিস, চট্টগ্রাম এবং অধীন জেলাসমূহ (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা) এবং জোনাল সেটেলমেন্ট অফিস, পটুয়াখালী এর অধীন জেলাসমূহের (পটুয়াখালী ও বরগুনা জেলা) জন্য ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনাল গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

(মোঃ তসলীমুল ইসলাম এনভিসি)
মহাপরিচালক
ফোনঃ ৮১৭০৪৮৫
e-mail: dgdlrs@gmail.com

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব, (জরিপ)]

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০৩.১৮.০১৮.১৭-৮৭০/১ (৫)
জ্ঞাতার্থে-

তারিখঃ ১১/১০৯/২০১৯ খ্রিঃ।

জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা/দিনাজপুর/চট্টগ্রাম/পটুয়াখালী/সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা।

১১.১০.২০১৯
উপ-পরিচালক (সেঃ অপাঃ-১)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।